RN. No. 2532/57

Regd No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

ক্রম্পটন গ্রীভস লিমিটেডের
ল্যাম্প, টিউব, ষ্টাটার,
ফিটিংস এবং ফ্যান
ডীলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৬শ বর্ষ
৫১শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ৩১শে বৈশাখ বুধবার, ১৩৮৭ সাল।
১৪ই মে, ১৯৮০ সাল।

নগদ মূল্য : ২০ পয়সা
বার্ষিক ৯, সডাক ১০

## মৃত স্কুল শিক্ষকের বিধবা স্ত্রীর উপর অকথ্য নির্যাতন

বিশেষ প্রতিনিধি : সাগরদীঘি থানার টসপাড়া গ্রামে মৃত স্কুল শিক্ষকের বিধবা স্ত্রীর উপর কয়েক বছর ধরে অকথ্য নির্যাতন চলছে। ন্যায় বিচারের অভাবে অত্যাচার এমন পর্যায়ে পৌঁচেছে যে, জান-মান-নাবালক নিয়ে খোদেজা বেওয়ার গাঁয়ে টেকা দায় হয়েছে। বাড়ীঘর ভাঙচুর, চালের টিন খুলে নেওয়া, হালের বলদ লুঠ, সেচের জল ও পুকুরের জল ব্যবহারে বাধা, হাঁস মুরগি মেরে ফেলা, গাছের ফল জবরদস্তি পেড়ে নেওয়া, পুকুরের মাছ ধরে বিক্রী করে দেওয়া, জমির ফসল লুঠ ও তছরুপ—বাদ নাই কোনটা। তার উপর আছে শারীরিক নিপীড়ন, মারধোর, রাত্রে হামলা চালিয়ে ভীতি প্রদর্শন, একমাত্র নাবালক পুত্রের প্রাণ হরণের হুমকি ইত্যাদি ইত্যাদি। থানায় জানিয়েও ফল হয় না। আবার জানাতে গেলে প্রাণনাশের হুমকি দেওয়া হয়। আত্মীয়-স্বজন এলে অপমান করে তাড়িয়ে দেওয়া, বুকের ওপর ছোরা ধরে সাদা কাগজে সই করতে বলা—আরো কত কি। প্রায় চল্লিশ বিঘা সম্পত্তির উত্তরাধিকারিণী হয়েও খোদেজা বেওয়া আজ নিঃস্ব। একমাত্র ছেলেকে বাঁচিয়ে রাখার তাগিদে একজন সহৃদয় গ্রামবাসীর আশ্রয়ে দিন কাটাচ্ছেন বর্তমানে। কিন্তু কেন এমন হল? অভিযোগ পেয়ে তদন্তে গিয়েছিলেন জঙ্গিপুরের একজিকিউটিভ ম্যাজিষ্ট্রেট কমলকুমার পাল। খবর পেয়ে একদিন আমিও গিয়েছিলাম। খোদেজা বেওয়ার সঙ্গে সাক্ষাৎ করেছিলাম তাঁর হিতৈষী গ্রামবাসীর বাড়ীতে। অশ্রুরুদ্ধ কণ্ঠে সেদিন তিনি আমাকে যা জানিয়েছিলেন তার সারমর্ম এই—তাঁর

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## 'ইউ বি আই বড়লোকের ব্যাংক!'

নিজস্ব সংবাদদাতা : উল্লিখিত মন্তব্যটি ইউনাইটেড ব্যাংকের রঘুনাথগঞ্জ শাখার ম্যানেজারের। সম্প্রতি এক অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীর পুত্র তাঁর সঙ্গে ঋণ গ্রহণের উদ্দেশ্যে দেখা করতে গেলে ম্যানেজার যুবকটির সঙ্গে রূঢ় আচরণ করেন। স্পষ্ট ভাষায় ম্যানেজার যুবকটিকে জানান, 'এ ব্যাংক আমার। ঋণ দেওয়া-নেওয়ার ব্যাপারে আমার ইচ্ছায় সব।' যুবকটি উত্তেজিত ম্যানেজারের এসব উক্তির প্রতিবাদ করলে তিনি আরও ক্ষিপ্ত হয়ে মন্তব্য করেন,—'এ ব্যাংক বড়লোকের ব্যাংক।' ইউ বি আই-এর স্থানীয় শাখার বিরুদ্ধে বেশ কিছু সাধারণ মানুষ এই ধরনের স্বেচ্ছাচারিতার অভিযোগ এনেছেন। বলা হয়েছে, কেন্দ্রীয় সরকার ব্যাংকের মাধ্যমে সাধারণ মানুষের সুযোগ-সুবিধা বৃদ্ধির নির্দেশ দেওয়া সত্ত্বেও স্থানীয় ব্যাংক কর্তৃপক্ষ ধনী পরিবারের জনয় ছাড়া কাউকে ঋণ দিতে চাইছেন না। লেনাপাওনার ব্যাপারে তদ্বির ও

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )



নিজস্ব সংবাদদাতা : কবিপক্ষে কবি-প্রণাম জঙ্গিপুর মহকুমার সর্বত্র যথাযোগ্য মর্যাদার সঙ্গে নিবেদিত হচ্ছে। ইতিমধ্যে অনেকগুলি অনুষ্ঠানের খবর পাওয়া গিয়েছে। ২৫ বৈশাখ সকালে রঘুনাথগঞ্জ ছায়াবাণী সিনেমা হলে সঙ্গীত মহাবিদ্যালয় আনন্দধারার কবিপ্রণাম, রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুর শহরের বিভিন্ন ক্লাব ও প্রতিষ্ঠানে, সাগরদীঘির বালিয়া নেতাজী সংঘে, সাগরদীঘি অগ্নিবীণা ও সব পেয়েছির আসরে, মনিগ্রাম সবুজ সংঘে, চাঁদপাড়া আদিবাসী উন্নয়ন সমিতির উদ্যোগে; সিহারা, রতনপুর ও মিরজাপুরের বিভিন্ন ক্লাবে; অরঙ্গাবাদ, ধুলিয়ান ও ফরাক্কার বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠানে রবীন্দ্র জয়ন্তী উৎসব উদ্‌যাপিত হয়। এই উপলক্ষে রঘুনাথগঞ্জ হাই স্কুলে পারিতোষিক বিতরণী সভা অনুষ্ঠিত হয়।

## জঙ্গিপুরে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ অফিস

নিজস্ব সংবাদদাতা : ফরাক্কা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে সাগরদীঘি ও রঘুনাথগঞ্জকে বিচ্ছিন্ন করে খুব শিগ্‌গির জঙ্গিপুর শহরে নতুন একটি এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ অফিস খোলা হচ্ছে। এক সাক্ষাৎকারে এ খবর দিয়ে ফরাক্কা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ অফিসার জানিয়েছেন, সাগরদীঘি ও রঘুনাথগঞ্জ এলাকার বেকারদের সুবিধার জন্যই এটা করা হচ্ছে। সুতি থানা এলাকাকে জঙ্গিপুরের সঙ্গে যুক্ত করা হবে অথবা ফরাক্কার মধ্যে রাখা হবে সেটা এখনও ঠিক হয়নি। রঘুনাথগঞ্জ শহরে বাড়ী না মেলায় নতুন অফিসের জন্য জঙ্গিপুর শহরে একটি বাড়ী ভাড়া নেওয়া হয়েছে। আপাততঃ সেখানেই অফিসটি খোলা হচ্ছে। তবে নতুন অফিসের কাজ চালু হতে বেশ কিছুদিন সময় লাগবে। কারণ, অফিস খোলার পর সাগরদীঘি রঘুনাথগঞ্জ থানা এলাকার নথীভুক্ত বেকারদের নাম ফরাক্কা থেকে আলাদা করা হবে। তাদেরই এখনও নতুন নাম রেজিষ্ট্রী ফরাক্কাতেই হবে।

## সি আই এস এফ এর উত্তেজনা প্রশমিত

ফরাক্কা ব্যারেজ, ১৪ মে—ফরাক্কা বাঁধ প্রকল্পে প্রহরারত কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনীর ৯ মে থেকে যে উত্তেজনা চলছিল, গতকাল তা প্রশমিত হয়। ৮২ জন সি আই এস এফ জওয়ানকে ভিলাই বদলির আদেশ দিলে উত্তেজনার সৃষ্টি হয়। প্রত্যক্ষ আন্দোলনের সঙ্গে যুক্ত বলে পূর্বসূরীদের মত চাকরি হারাবার ভয়ে ওই বিরাশি জন বদলির আদেশ মানতে অস্বীকার করেন এবং ভিলাই যেতে নিমরাজি হন। ফলে এমন পরিস্থিতির উদ্ভব হয় যে,

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## খরায় বোরোর ক্ষতি

নিজস্ব সংবাদদাতা, ১৪ মে—খরায় এবার রঘুনাথগঞ্জ ১নং ব্লকে পঞ্চাশ শতাংশ বোরো ধানের ক্ষতি হয়েছে। ক্ষতি হয়েছে কচু এবং গ্রীষ্মকালীন তিলেরও। এক সাক্ষাৎকারে এ খবর দিয়ে কৃষি সম্প্রসারণ আধিকারিক বৈদ্যনাথ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, ব্লকে এবার বোরো চাষের লক্ষ্যমাত্রা ছিল ৫০০ একর। কিন্তু খরায় অর্ধেকই জলে গেল। সব চেয়ে বেশী ক্ষতি হয়েছে জামুয়ার গ্রাম পঞ্চায়েতে। এই ব্লকে সেচের সুযোগ সৃষ্টির

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## তথ্য কেন্দ্র উদ্বোধন

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জে জঙ্গিপুর মহকুমা তথ্য ও সংস্কৃতি দপ্তরে ১১ মে তথ্য কেন্দ্রের উদ্বোধন করেন জঙ্গিপুরের একজিকিউটিভ ম্যাজিসট্রেট কমলকুমার পাল। দু' বছর আগে এই কেন্দ্রটি খোলার কথা ছিল। কিন্তু কর্তৃপক্ষের গাফিলতিতে তা হয়নি। তথ্য কেন্দ্রে পাঠকরা বিভিন্ন পত্র পত্রিকা এবং ছাত্ররা পাঠ্যপুস্তক

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৩১শে বৈশাখ বুধবার, ১৩৮৭।

## কবি প্রণাম

প্রতিটি ২৫শে বৈশাখেই কবিগুরুর জন্ম দিবস ফিরিয়া আসে। এবারও আসিয়াছে ১১৯তম জন্ম দিবসটি। প্রতিটি ২৫শে বৈশাখই আমাদের সম্মুখে একটি বিশেষ সত্য শপথের ক্ষণটি লইয়া আসে, যাহার মর্মার্থ: যাঁহারা জীবনের জয়গানের কবি, রবীন্দ্রনাথের আসন তাঁহাদেরই দলে। বিশ্বকবির সেই জয়গান হইতেছে একালের ভারতীয় জীবনের জয়গান। একথা যথার্থ যে, তিনি একালের ভারতীয় জীবনের যত দুঃখ, যত সঙ্কট—সে সবের কিছুই তাঁহার দৃষ্টি ও অনুভূতির প্রহরা এড়াইয়া যায় নাই। এ সম্পর্কে কোন সত্যকেই, তাহা যতই অপ্রিয় হউক, তিনি উপেক্ষা করেন নাই। তাঁহার বাণী ছিল আলোর মত উজ্জ্বল, তাঁহার বাণী ঝলকিয়া উঠিয়াছে তীক্ষ্ণ অস্ত্রের মত: 'যেন রসনায় মম/সত্য বাক্য ঝলি' উঠে খর খড়্গসম…… …।'

সুতরাং প্রতিটি ২৫শে বৈশাখ আমাদের সম্মুখে সেই বিশেষ শপথের ক্ষণটি লইয়া আসে। আমাদের ঘরে ফিরিবার ডাক দিয়া যায়। আমরা নিজেদের নূতন করিয়া জানিবার প্রচেষ্টা চালাই। কিন্তু তবুও কি আমাদের আপনার জনকে আপন করিয়া পাই? আসলে কবির প্রতিকৃতিকে ধূপ দীপ-পুষ্পাভরণে সজ্জিত করি। মাঝখান হইতে হারাইয়া যায় আসল রবীন্দ্রনাথ। রবীন্দ্র-জন্ম-দিবসে প্রতিটি শিক্ষিত মানুষের এক বিশেষ দায়িত্ব রহিয়াছে। শুধুমাত্র ফুল, মালা ও সঙ্গীতের আনন্দ উৎসবের মাধ্যমে রবীন্দ্র জয়ন্তী পালন না করিয়া রবীন্দ্রনাথের বাণী আদর্শ ও সাহিত্যকে আপামর জনসাধারণের মধ্যে প্রচারের সমস্ত দায় বহন করিতে হইবে তাঁহাদের। তবেই আসিবে ২৫শে বৈশাখের সার্থকতা।

### মৃত স্কুল শিক্ষকের

( ১ম পৃষ্ঠার পর )

স্বামী বজলুল মান্নান ছিলেন মনিগ্রাম হাই স্কুলের শিক্ষক। খোতেজা তাঁর দ্বিতীয় পক্ষের স্ত্রী। প্রথম পক্ষের স্ত্রীর কোন ছেলেপুলে না হওয়ায় বজলুল মান্নান বিয়ে করেছিলেন খোতেজাকে। খোতেজা উপহার দিয়েছিলেন একমাত্র পুত্র সন্তান ফজলুরকে। আজ থেকে ন'বছর আগে ফজলুরের বয়স যখন চার, তখন তাঁর স্বামী মারা যান। তাঁর স্বামীর মৃত্যুর পর সম্পত্তি দেখা-শোনা করতেন দেবর ফখরুজ্জমান। ওই সম্পত্তিই যত নষ্টের গোড়া। সতীনের সম্পত্তি হস্তগত করার পর গ্রাম ছাড়া করে স্বামীর সম্পত্তি জবর দখলের চেষ্টায় লিপ্ত হয়ে অকথ্য নির্যাতন চালানো হচ্ছে খোতেজা বেওয়ার উপর। তিনি এখন সম্পূর্ণ অসহায়। তিনি বিচার চান। চান ন্যায্য অধিকার। সম্পত্তির অধিকার। বেঁচে থাকার অধিকার। নাবালককে মানুষ করার অধিকার। তাঁর লোকবল-অর্থবল নাই বলে কি ন্যায় বিচার দাবি করারও অধিকার নাই?

### তথ্য কেন্দ্র উদ্বোধন

( ১ম পৃষ্ঠার পর )

পড়তে পারবেন। নবম ও দশম শ্রেণী এবং কলেজের দুঃস্থ ছাত্রছাত্রীদের মহকুমা তথ্য আধিকারিকের কাছ থেকে পরিচয়পত্র সংগ্রহ করে তথ্য কেন্দ্রে বসে পাঠ্য পুস্তক পড়তে হবে। সোম ও মঙ্গলবার এবং সরকারী ছুটির দিনগুলি বাদে তথ্য কেন্দ্র প্রতিদিন বিকেল একটা থেকে রাত্রি আটটা পর্যন্ত খোলা থাকবে। ওই দিন তথ্য অফিসে একই সঙ্গে রবীন্দ্র স্মরণ সভা অনুষ্ঠিত হয়। সঙ্গীত পরিবেশন করেন দেবাশিস্ বন্দ্যোপাধ্যায় ও তনুশ্রী ঠাকুর।

### উত্তেজনা প্রশমিত

( ১ম পৃষ্ঠার পর )

ডি আই জি ও সি ও সি আই এস এফ, পুলিশ সুপার মালদা ও মুরশিদাবাদ প্রমুখ উচ্চপদস্থ অফিসারকে ফরাক্কায় ছুটে আসতে হয়। অনেক করে বুঝিয়ে ছেষট্টি জন সি আই এস এফ জওয়ানকে ভিলাই যেতে রাজি করানো হয়। বাকী ষোলজন ছুটিতে থাকায় তাঁদের মতামত জানা যায়নি। তবে আশা করা হচ্ছে বিরাশির মধ্যে ছেষট্টি জন যখন বদলির আদেশ মেনে নিয়ে ভিলাই যাচ্ছেন, তখন অবশিষ্ট ষোলজনও যাবেন। উল্লেখ করা প্রয়োজন, গত বছর প্রত্যক্ষ আন্দোলনে জড়িত থাকার অভিযোগে ফরাক্কা সি আই এস এফ বাহিনীর রাইফেল কেড়ে নেওয়া হয়।

## ছিনতাইয়ের চেষ্টা ব্যর্থ, গুলি বিনিময়

সাগরদীঘি, ১১ মে—৩৪ নং জাতীয় সড়কের বেলখরিয়া লেভেল ক্রশিং-এর কাছে গতকাল রাত্রে একটি প্রাইভেট কার ছিনতাইয়ের চেষ্টা ব্যর্থ হয়। জানা যায়, তিনজন মোটর সাইকেল আরোহী মালদাগামী প্রাইভেট কারটিকে অনেক দূর থেকে অনুসরণ করে আসছিল। পথে বেলখরিয়া পুলিশ ক্যাম্পে সাগরদীঘি থানার সাব ইনসপেকটর মোটর সাইকেল আরোহী তিনজনকে জিজ্ঞাসাবাদ করতেই তারা পালাবার চেষ্টা করলে উভয় পক্ষের মধ্যে গুলি বিনিময় হয়। একজন আরোহী মোটর সাইকেল সমেত ধরা পড়ে। বাকী দু'জন পালিয়ে যায়।

**বামাল গ্রেপ্তার:** ওই দিন রাত্রে সাগরদীঘি থানার গাদি গ্রামে নদী জলোত্তোলন প্রকল্পের পাইপ চুরি করার সময় তিনজন চোর গ্রামবাসীদের হাতে বামাল ধরা পড়ে। পরে দু'গাড়ি পাইপ ও তিনজন চোরকে পুলিশের হাতে তুলে দেওয়া হয়।

### খরায় বোরোর ক্ষতি

( ১ম পৃষ্ঠার পর )

সম্ভাবনা যথেষ্ট রয়েছে। আর এল আই এবং ডিপ টিউবওয়েল বসিয়ে সেই সুযোগের সদ্ব্যবহার করা যেতে পারে। ব্লক এলাকায় বর্তমানে ১৩০টি শ্যালো এবং আটটি নদী জলোত্তোলন প্রকল্প চালু আছে। তিনটি ডিপ টিউবওয়েলের মধ্যে সবগুলিই অকেজো অবস্থায় পড়ে রয়েছে।

মহকুমা কৃষি আধিকারিক রমানাথ চন্দ জানান, জঙ্গিপুর মহকুমার সমস্ত ব্লকেই বোরো, কচু এবং গ্রীষ্মকালীন তিল খরায় ক্ষতিগ্রস্ত হয়েছে।

### বড়লোকের ব্যাংক!

( ১ম পৃষ্ঠার পর )

খাতিরটাই মুখ্য হয়ে দাঁড়িয়েছে। এদিকে গ্রুপ ইনসিওরের দুটি চেক ভাঙ্গানোকে কেন্দ্র করে ঐ ম্যানেজারের কার্যাকলাপ রহস্যজনক বলে অভিযোগ এসেছে। চেক দুটি গত বছর অক্টোবরে ভাঙ্গানোর জন্য ব্যাংকে জমা দেওয়া হয়। কিন্তু এ পর্যন্ত চেকের বিশ হাজার টাকা প্রাপকরা পাননি। তাঁরা ব্যাংকে প্রায় দিন গিয়ে ঘুরে আসছেন। ম্যানেজার তাঁদের ঠিক পাত্তা দিতে চাইছেন না। ঐ দুটি অসহায় পরিবার আজ টাকার অভাবে অর্দ্ধাহারে অনাহারে দিন কাটাচ্ছেন।

## ফরওয়ারড ব্লকের দুটি থানা কমিটি বাতিল

ফরওয়ারড ব্লকের রঘুনাথগঞ্জ ও সাগরদীঘি থানা কমিটি ভেঙে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এক বিবৃতিতে এই খবর দিয়ে পারটির মুর্শিদাবাদ জেলা কমিটির সাধারণ সম্পাদক জয়ন্ত রায় জানিয়েছেন, 'গুরুতর পারটি বিরোধী কার্যকলাপের জন্য পারটির জেলা কমিটিকে এই ধরনের কঠোর সিদ্ধান্ত গ্রহণ করতে হয়েছে। রঘুনাথগঞ্জ শহর ও সংলগ্ন এলাকায় জনৈক হরিরঞ্জন তেওয়ারী ফরওয়ারড ব্লক ও তার শ্রমিক সংগঠনের নামে যে সমস্ত কার্যকলাপ চালাচ্ছেন বলে পারটির জেলা দপ্তরে খবর আছে, এ সম্পর্কে পারটির সুস্পষ্ট বক্তব্য হল, হরিরঞ্জন তেওয়ারীর সঙ্গে ফরওয়ারড ব্লক বা তার গণসংগঠনগুলির কোন যোগাযোগ নাই।'

—প্রাপ্ত

প্রখ্যাত স্বাধীনতা সংগ্রামী, আদর্শনিষ্ঠ সমাজ সেবী, দৈনিক ও সাপ্তাহিক দামোদর পত্রিকার প্রধান সম্পাদক দাশরথি তা গত ১৪ বৈশাখ ৬৮ বছর বয়সে আকস্মিকভাবে পরলোকগমন করেছেন। তাঁর মৃত্যুতে আমরা বন্ধুবিয়োগ ব্যথা অনুভব করছি এবং তাঁর আত্মার চিরশান্তি কামনা করছি।

## সাংবাদিক আক্রান্ত

রঘুনাথগঞ্জ, ১৪, মে—এ মাসের চার তারিখে এই থানার নয়াচক গ্রামে সহযোগী 'মিযান' পত্রিকার সংবাদদাতা জয়নাল আবেদিন একদল ছিনতাইকারীর কবলে পড়েন। তাঁর কাছ থেকে সংবাদের কিছু নথিপত্র, হাতঘড়ি ও টাকা-পয়সা কেড়ে নেওয়া হয় এবং পুলিশের কাছে অভিযোগ করলে ভবিষ্যতে খারাপ হবে বলে ভয় দেখানো হয়। ওই দিন রাত্রে আরো কয়েক জায়গা থেকে ছিনতাই-এর খবর এসেছে।

Government of West Bengal Public Works Department

**Office of the Executive Engineer, Berhampore Division No. 1,**

Berhampore, Murshidabad.

# Auction Notice

It is notified for general information that the following, articles as it is where it is ( old empty bittumen drums ) of Kandi Sub-Division, P. W. D. ( in different lots ) will be sold by public auction by the Executive Engineer ( P. W. D. ), Berhampore Division No. 1 in the office chamber of Executive Engineer (P. W. D.), Berhampore Division No. 1 at Berhampore at 3 P. M. hrs. on 31. 5. 80.

The intending bidders are requested to attend the auction on the date and time as fixed for and they should inspect the articles before bidding on any working day in working hours in the aforesaid Sub-Divisional Godowns where the atticles are collected and kept for auction. The bidders should read and understand the terms and conditions of the sale before bidding.

The terms and conditions of the auction are as follows :—

1) The officer conducting the sale may not be bound to accept the offer of the highest bidder.

2) The acceptance of the bid money by the officer conducting the sale shall not be treated as the final acceptance of the bid and the highest bidder shall have no claim on the property till the bid is finally approved of and declared as being finally accepted by the accepting authority.

3) Earnest Money as per enclosed statement to be deposited in favour of Executive Engineer (P. W. D.), Berhampore Division No. 1 by Bank Draft of Treasury Challan by the auctioner for each of the auction before the participation in the auction. The Challan/Draft will be returned to the unsuccessful auctioner as soon as the bid is over and the amount deposited by the highest bidder will be kept as security deposit which will be refunded after completion of the transaction and the full auction proceeds in fulfilment of other conditions as laid down in this notice for auction sale. No N. S. C. will be accepted as Earnest Money.

4) The highest bidder shall have to deposit the 95% of the bid money as soon as the bid is closedand the balance will have to be deposited within 7 ( Seven ) days from the date of receipt of intimation of acceptance of the bid. Otherwise the above bid money along with security deposit will be forfeited in the Government without assigning any reasons whatsoever.

5) The removal of the articles will be allowed to the successful bidder only after acceptance of the bid by the authority and the site should be cleared within 15 (fifteen) days from the date of issue of order failing which the purchaser will have no right over the articles and the same may be again put to auction or be disposed of by the Govt. as deemed fit.

6) Government reserves the right to accept the highest bid or any other bid or to cancel the bid without assigning any reasons.

7) The quantity as shown in the statement is only approximate and no dispute regarding numbers or quality of materials (empty drums) will be entertained.

Brief description of articles etc. put to auction :—

| Lot No. | Place of auction | Date & time of auction | Description of articles for auction | Auction conducting officer | Amount of Earnest Money to be deposited in Bank Draft or Treasury Challan in the name of Ex. Engr. (PWD), Berhampore Divn. No. I | Remark |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| | Berhampore Divn. I office PWD. | | Empty Bitumen Drums | Ex. Engr., Berhampore Divn. I PWD. Berhampore | | |
| 1. Approx 700 Nos. lying at Udaychandpur Stackyard under Kandi Sub-Divn. PWD. | do | | do | do | Rs. 300/- | |
| 2. Approxly 500 Nos. lying at Kuli Kandi Sub-Divn. PWD. | do | | do | do | Rs. 200/- | |
| 3. Approxly 500 Nos. lying at Kuli Stackyard under Kandi Sub-Divn. | do | | do | do | Rs. 200/- | |
| 4. 110 Approx Qr. at Andi Stackyard under Kandi Sub-Divn. | do | | do | do | Rs. 100/- | |
| 5. 143 approx Nos. at Mahalandi Stackyard under Kandi Sub-Divn. | do | | do | do | Rs. 100/- | |
| 6. 985 Nos. Approxly at Kandi Stackyard under Kandi Sub-Divn. | do | | do | do | Rs. 500/- | |

Executive Engineer (PWD), Berhampore Division No. I

## বিজ্ঞপ্তি

এতদ্দারা সর্ব্বসাধারণকে জানান যায় যে আমরা দুই ভাই ও তিন ভগ্নী। আমাদের পিতা হাজি দোস্ত মহম্মদ নিজ জীবদ্দশায় আমাকে ও আমার ভাই অধুনামৃত হাজি গিয়াসুদ্দিনকে শতক সম্পত্তি হেবাবিল এওয়াজ করিয়া দেন। কিন্তু দুর্ভাগ্যবশতঃ আমার ভাই গিয়াসুদ্দিন নিজ পিতামাতার জীবদ্দশায় দুই পুত্র আবুল হোসেন ও এনামুল হককে পুত্র ও স্ত্রী জায়েদা খাতুনকে ও নিজ পিতামাতাকে ওয়ারীশ রাখিয়া ১৯৩৮ সালে মারা যান তৎপরে আমার পিতা ১৯৪৩ সালে ও মাতা ১৯৬২ সালে মারা যান। R/S রেকর্ডে আমাদের সম্পত্তিসমূহ সঠিক অংশে রেকর্ড না হইলেও আমরা সরজমিনে মুসলমান আইনের ফারাজমত দখল করিতাম। এমত অবস্থায় আমার উক্ত ভাইপোদ্বয় ও ভ্রাতৃবধূ স্থায়ীভাবে এ দেশের বাস ত্যাগে পূর্ব্ব পাকিস্থান বর্ত্তমান বাংলাদেশে যাইবার মনস্থ করে ও তদবস্থায় আমাদের এজমালী সম্পত্তি মধ্যে আমার উক্ত ভাইপোদের ও ভ্রাতৃবধূর অংশে ফারাজমত যাহা বর্ত্তাইবে তাহা বিক্রয় ও এওয়াজ করিবার মনস্থ করে। আমিও তাহাতে রাজি হই ও যেহেতু আমার নামে R/S রেকর্ড এজমালী অবস্থায় আছে সেইহেতু আমি ও আমার ভ্রাতুষ্পুত্রদ্বয় এর অবস্থিত দাতাস্বরূপে যোগ দিই। ঐ দলিলের সময়েই কথা হয় ঐ এওয়াজ ও বিক্রয় বাদে যে সম্পত্তি থাকিতেছে তাহা একা আমার ও আমি তাহাতে একাই স্বস্বত্বে দখলে আছি। এখানে রাজনৈতিক দলের বড় শরিকের শ্যেন দৃষ্টিতে আমি পড়ায় তাহারা আমার উক্ত ভ্রাতুষ্পুত্রদ্বয়কে হস্তগত করিয়া আমাকে জব্দ ও ক্ষতিগ্রস্ত করিবার জন্য আমার স্বত্ব দখলীয় সম্পত্তি অন্যত্র হস্তান্তরের চেষ্টা করিতেছে। R/S রেকর্ডে উক্ত আবুল হোসেন ও এনামুল হক নামে থাকিলেও পূর্ব্বোক্ত পারিবারিক ব্যবস্থা মূলে আর তাহাদের কোন স্বত্ব দখল নাই। এমত অবস্থায় উক্ত সম্পত্তি সম্পর্কে তাহাদের নিকট কেহ কান প্রকার দলিলাদি করিয়া লইলে উহা নিজ দায়িত্বে করিবেন। ইতি—

বদরুদ্দিন আহাম্মদ
পিতা মৃত দোস্ত মহম্মদ বিশ্বাস
সাং বড়শিমূল
থানা রঘুনাথগঞ্জ

### আবশ্যক

একজন বি-এসসি (বায়ো) শিক্ষক আবশ্যক। (শিক্ষণপ্রাপ্ত অগ্রাধিকার)। বিজ্ঞপ্তি প্রকাশের ১০ দিনের মধ্যে আবেদন করুন। সম্পাদক, সেকেন্দ্রা জুনিয়ার হাই স্কুল পোঃ গিরিয়া, জেলা মুর্শিদাবাদ।

### নিরুদ্দেশ প্রাপ্তি

বোবা, পরনে কালো রঙের হাফ-প্যান্ট, গায়ে হাতকাটা গেঞ্জি ও জামা, বয়স পনর/ষোল, মুখে দাড়ি গোঁফের রেখা দেখা দিয়েছে। 'কালা' বলে ডাকলে 'কি' উত্তর দেয়। গত ৮ই মে, বৃহস্পতিবার মির্জাপুর অঞ্চলের দক্ষিণপাড়া মাঠ থেকে সে নিখোঁজ হয়েছে। কোন সহৃদয় ব্যক্তি ওর খোঁজ দিলে সাধ্যমতো পুরস্কৃত করব।

ধনঞ্জয় শীল
গ্রাম ও পোঃ রাজানগর (মুর্শিদাবাদ)


দ্রুত আরোগ্যকারী
চর্ম্মরোগের মহৌষধ
চন্দ্র-মালতী (R)
(ম্যানুফ্যাকচারিং লাইসেন্স নং এ, এল ৩৯৪-এম)
নিবেদনে—জুপলুনা ইণ্ডাষ্ট্রীজ
পোঃ রঘুনাথগঞ্জ, জিলা মুর্শিদাবাদ
পিন— ৭৪২২২৫

সবার প্রিয় চা—
চা ভাণ্ডার
রঘুনাথগঞ্জ সদরঘাট
(ফোন—১০

বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া লালগোলা রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের জন্য নির্ভরযোগ্য বাস
বেশার বাস সার্ভিস
ভারতের যে কোন স্থানে ভ্রমণের জন্য রিজার্ভও দেওয়া হয় )


মেয়েদের সাদাস্রাবে লিউকোনেক্স
ট্যাবলেট ও ফেকটিন লোশন ব্যবহার করুন
এস. সি. কেমিক্যালস্
২৭, শোভাবাজার ষ্ট্রীট, কলি-৫

সকলের প্রিয় এবং বাজারের সেরা
ভারত বেকারীর স্লাইজ ব্রেড
মির্জাপুর * ঘোড়শালা * মুর্শিদাবাদ

পাণ্ডিত ষ্টেশনারস্
রঘুনাথগঞ্জ
বিয়ে-পৈতে-অন্নপ্রাশন ও রকমারী কার্ডের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

জবাকুসুম
তেল মাখা কি ছেড়েই দিলি?
তা কেন, দিনের বেলা তেল মেখে ঘুরে বেড়াতে অনেক সময় অসুবিধা লাগে।
কিন্তু তেল না মেখে চুলের যত্ন নিবি কি করে?
আমি তো দিনের বেলা অসুবিধা হলে রাতে শুতে যাবার আগে ভাল করে জবাকুসুম মেখে চুল আঁচড়ে শুই।
জবাকুসুম মাখলে চুল তো ভাল থাকেই ঘুমও ভারী ভাল হয়।
সি. কে. সেন অ্যাণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস,
কলিকাতা, নিউ দিল্লী



রঘুনাথগঞ্জ (পিন— ৭৪২২২৫) পণ্ডিত-প্রেস হইতে
অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত